[redacted]

[redacted]

দামুড়হুদায় ২ লিটার মদসহ বিষ্ণুপুরের সোহাগ আটক

দামুড়হুদা মডেলা থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে ২ লিটার বাংলামদসহ একজনকে আটক করেছেন।আটকৃত সোহাগ (৪২) বিষ্ণুপুর গ্রামের মৃত মধু মিয়ার ছেলে।

গতকাল শুক্রবার রাত ১০ টার দিকে বিষ্ণুপুর গ্রামস্থ ধৃত আসামী মোঃ সোহাগ এর বাড়ীর সামনে পাঁকা রাস্তার উপর থেকে তাকে আটক করা হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে এসআই মোঃ মাসুদ রানা সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালিয়ে বিষ্ণুপুর গ্রামের মৃত মধু মিয়ার ছেলে সোহাগকে তার বাড়ির সামনে থেকে আটক করেন। পরে তার কাছে থাকা ব্যাগ তল্লাশি করে ২ লিটার বাংলা মদ উদ্ধার করা হয়। আটককৃত সোহাগের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদক নিয়ন্ত্রণ আইনে একটা মামলা দায়ের করা হয়েছে।

আজ শনিবার তাকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হবে।

কোটচাঁদপুরে মহিলা মাদক কারবারি আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫০গ্রাম গাঁজা সহ মঞ্জুরি দাসি (৩৭) নামে এক মহিলা মাদক কারবারি কে আটক ও পরিত্যক্ত অবস্থায় দেশি তৈরি ৮ লিটার চোলাই মদ উদ্ধার করেছে ঝিনাইদহ জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের সদস্যরা।

গতকাল বৃহস্পতিবার সকালে কোটচাঁদপুর পৌর শহরের টিএনটি অফিস সংলগ্ন ঋষি পাড়া থেকে তাকে আটক করা হয়। সে ঋষি পাড়ার দিলিপ কুমারের স্ত্রী।

জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের ইন্সপেক্টর শেখ মুস্তাফিজুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পরি পৌর শহরের টিএনটি অফিস সংলগ্ন ঋষি পাড়ায় একজন মাদক কারবারি অবস্থান করছে। তখন সেখানে অভিযান পরিচালনা করে মঞ্জুরি দাসি নামে এক জন মহিলা মাদক কারবারি কে ৫০ গ্রাম গাঁজা সহ আটক করা হয়। আটকের পরে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করে মডেল থানায় হস্তান্তর করা হয়েছে।

গাঁজা সহ মডেল থানায় আসামি হস্তান্তরে বিষয় নিশ্চিত করেছে ডিউটি অফিসার উপপরিদর্শক এস আই শামীম।

মুজিবনগরে ৫০ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে ৫০ বোতল ভারতীয় ফেন্সিডিলসহ ১ মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

গতকাল রবিবার দিবাগত রাত বারোটার দিকে উপজেলার গোপালনগর গ্রামস্থ শফিকুল মোল্লার ইট ভাটার কাছে থেকে তাকে আটক করা হয়।

এ সময় তার কাছ থেকে ৫০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করা হয়।

আটকৃত আসামি, মুজিবনগর উপজেলার গোপালনগর দক্ষিণপাড়া মরজেম আলীর ছেলে আব্দুর রশিদ (ওসি) ৪০।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ উজ্জল কুমার দত্ত জানান, আসামি মাদক বিক্রয়ের উদ্দেশ্য শফিকুল মোল্লার ইট ভাটার কাছে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার এস আই আশিকুর রহমান ও এস আই ইসরাফিল ইসলামের এর নেতৃত্বে পুলিশের একটি টিম সেখানে অভিযান চালায়। অভিযান চলাকালীন সময়ে আসামিকে বাজার করা

ব্যাগ নিয়ে দাড়িয়ে থাকতে দেখে। এ সময় সন্দেহ হলে তার কাছে তল্লাশি করে ব্যাগের ভিতর থেকে ৫০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করা হয়।

আটককৃত মাদক ব্যবসায়ীর নামে মুজিবনগর থানায় মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।

মেহেরপুরে ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদকবিরোধী অভিযানে দুই মাদক ব্যবসায়ীকে ৬ বোতল ফেনসিডিলসহ আটক করা হয়েছে।

আজ সোমবার (১৮ই মার্চ) দুপুর ২টার সময় মুজিবনগর উপজেলার দারিয়াপুর ঘোষপাড়া গ্রাম থেকে আবিরা খাতুন এবং মুজিবার রহমান নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করা হয়।

আটককৃত আবিরা খাতুন মুজিবনগর উপজেলার দারিয়াপুর ঘোষ পাড়ার আজিবার রহমানের স্ত্রী ও মজিবার রহমান একই গ্রামের নজবুল ইসলামের ছেলে।

জানা গেছে গোপন ভিত্তিতে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেমের নেতৃত্বে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মুজিবনগর উপজেলা দারিয়াপুর ঘোষপাড়া এলাকা অভিযান চালিয়ে তাদের আটক করেন।

পরে আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ সনের ৩৬
(১) সারণীর ১৪(ক) ধারায় মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[

ঝিনাইদহে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহ সদর উপজেলার হাটগোপালপুর এলাকা থেকে ১২ কেজি গাঁজাসহ আল আমিন (৪৩) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

আজ মঙ্গলবার (৫ মার্চ) ভোররাতে তাকে আটক করা হয়। আটককৃত আল আমিন খাগড়াছড়ি সদর উপজেলার মুসলিমপাড়া গ্রামের মৃত আব্দুল মতিনের ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন জানান, ভোরে হাটগোপালপুর এলাকার ছয়াইল রোডে মাদক ক্রয়-বিক্রয় হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালায় হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা। সেসময় অন্যরা পালিয়ে গেলেও ঘটনাস্থল থেকে আটক করা হয় খাগড়াছড়ির মুসিলমপাড়া গ্রামের আল আমিনকে। পরে তার কাছ থেকে উদ্ধার করা হয় ১২ কেজি গাঁজা। এ ঘটনায় সদর থানায় একটি মামলা হয়েছে।

মহেশপুরে প্রতিবন্ধী নারীকে নির্যাতনের ঘটনায় ৫ জন আটক

ঝিনাইদহের মহেশপুর উপজেলায় মানসিক প্রতিবন্ধী নারীকে অমানসিক নির্যাতন করার ঘটনায় ৫ জনকে আটক করেছে পুলিশ। সোমবার (০৪মার্চ) রাতে উপজেলার খোশালপুর গ্রাম থেকে নির্যাতনকারী ওই ৫ জনকে আটক করে পুলিশ।

আটককৃতরা হলো-খোশালপুর গ্রামের জলিল তরফদারের ছেলে মুহিত তরফদার, তার ছেলে রাব্বি তরফদার, নুরুল আমিনের ছেলে তারিখ মনোয়ার, সানোয়ার হোসেনের ছেলে উসমান আলী ও নেপা গ্রামের খায়রুল ইসলামের ছেলে নাজমুল হোসেন।

মহেশপুর থানার ওসি মাহাব্বুর রহমান জানান, সোমবার বিকেলে ওই এলাকার কাপড় ব্যবসায়ী মহির উদ্দিনের দোকানের সামনে শুয়ে ছিলো

৪৫ বছর বয়সী এক নারী প্রতিবন্ধী। দুপুর ৩ টার দিকে মহির উদ্দিনের ছেলে রাব্বি হোসেন ওই নারীকে দোকানের সামনে থেকে চলে যেতে বলে। ওই নারী চলে না গেলে তাকে লাঠি দিয়ে গুতা দেয় রাব্বি হোসেন। সেসময় ওই নারী রাব্বীর দিকে ছুটে যায়।

পরে দোকান খোলার পর মানসিক প্রতিবন্ধী ওই নারী দোকানে ঝোলানো তালা খুলে ফেলে। এতেই ক্ষিপ্ত হয়ে মহির উদ্দিন, তার ছেলে রাব্বি, পাশের দোকানি নাজমুলসহ ৫জন ওই নারীকে লাঠি দিয়ে বেধড়ক মারপিট করে। দোকানের সামনে ফেলে মাথায় আঘাত করা হয়। এ ঘটনায় একটি ভিডিও স্থানীয় এক যুবক ধারণ করে।

বিষয়টি জানাজানি হলে রাতেই পুলিশ অভিযান চালিয়ে ওই ৫ জনকে আটক করা হয়। মানসিক প্রতিবন্ধী নারীর পরিচয় না পাওয়ায় পুলিশের পক্ষ থেকে মামলা দায়ের করে আসামীদের আদালতে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গার দর্শনায় ১১ টি স্বর্ন বারসহ মহিলা চোরাকারবারি আটক

চুয়াডাঙ্গার দর্শনায় ৬ বিজিবি চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ১ কেজি ৩২০ গ্রাম ওজনের ১১ টি স্বর্নের বারসহ মোছাঃ তাছলিমা খাতুনকে (২৫) চোরাচালানীকে আটক করে। আটককৃত তাছলিমা পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের কামারপাড়া গ্রামের রেজাউল করিমের মেয়ে।

রবিবার ৩ মার্চ সকাল ১০ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান,পিএসসির নেতৃত্বে,অভিযান চালায় দর্শনার ছয়ঘরিয়া গ্রামে।

এ সময় ৬ বিজিবির সুলতানপুর ক্যাম্পের বিওপি কমান্ডার সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্তের মেইন পিলার ৭৮ হতে আনুমানিক ৪শ গজ বাংলাদেশের অভ্যন্তরে ছয়ঘরিয়া পাঁকা রাস্তার উপর মসজিদের সামনে

এ্যাম্বুশ করে।

পরে বিজিবি একটি ইজিবাইক সীমান্তের দিকে কয়েকজন যাত্রী নিয়ে যাচ্ছে।ইজিবাইকটি সন্দেহ হলে তল্লাশি শুরু করে।তল্লাশি চলা কালে একজন মহিলার গতিবিধি সন্দেহজনক মনে হয় পরে তাকে আটক করে। পরে তাছলিমার দেহ তল্লাশি করে ১১ টি স্বর্নের বার উদ্ধার করে।

আটককৃত বার গুলির আনুমানিক বাজার মৃল্যে ১কোটি ৩০ লাখ টাকা।এ ঘটনায় আটককৃত মহিলা চোরাচালানী তাছলিমা খাতুনের বিরুদ্ধে নায়েক মোঃ দিদার বাদশা বাদী হয়ে দর্শনা থানায় মামলা করেছে।জব্দকৃত স্বর্ণের বারগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

মুজিবনগরে ফেনসিডিলসহ দুই মাদক কারবারী আটক

৪৪ বোতল ভারতীয় ফেনসিডিলসহ দুই মাদক কারবারীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারি) সকালের দিকে মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের ডোবাপাড়া এলাকায় মুজিবনগর থানা পুলিশের অভিযান চালিয়ে ফেনসিডিলসহ দুই মাদককারবারীকে আটক করা হয়।

আটকরা হলেন, মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের খোকা শেখের ছেলে জাহাঙ্গীর শেখ (৪০) ও একই গ্রামের পূর্বপাড়ার আসান খার ছেলে কাদের খা (৩৫)।

মুজিবনগর থানার উপপরিদর্শক (এসআই) বিপ্লব কুমার হালদারের নেতৃত্বে পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের আটক করেন। মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উজ্জ্বল দত্ত এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, ভারত থেকে চোরাই পথে মাদকের একটি চালান পাচার হচ্ছে এমন সংবাদ পেয়ে পুলিশের একটি টিম সেখানে অভিযান চালান।

সন্দেহভাজন দুজনকে দেখে তাদের চ্যালেঞ্জের এক পর্যায়ে সাদা প্লাস্টিকের দুটি ব্যাগের ভিতর থেকে ৪৪ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটা নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে ধৃত আসামিদের আদালতে প্রেরণ করা হয়েছে।